1999

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ৩৩৫-আইন/৯৯, তাং ১৭-১১-১৯৯৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১২ই শ্রাবণ, ১৪০৬ বাং/২৭শে জুলাই, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ২২৩-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৭ই আষাঢ়, ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৭-আইন/৯৯ রহিতক্রমে, অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের মালিক হন, তাহা হইলে তাহাকে উক্ত নৌ-যানের দিবাকালীন যাত্রী পরিবহন ক্ষমতার ভিত্তিতে যাত্য প্রতি ৩০.০০ টাকা হারে আয়কর প্রদান করিতে হইবে;

(২) যদি উক্ত করদাতা অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কোন কার্গো বা কোষ্টারের মালিক হন, তাহা হইলে উক্ত কার্গো বা কোষ্টারের মালামাল পরিবহন ক্ষমতার ভিত্তিতে প্রতি গ্রস টনেজের জন্য ৫০.০০ টাকা হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৩) যদি উক্ত করদাতা অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কোন ডাম্পবার্জের মালিক হন, তাহা হইলে উক্ত ডাম্পবার্জের মালামাল পরিবহন ক্ষমতার ভিত্তিতে প্রতি গ্রস টনেজের জন্য ৪০.০০ টাকা হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৪) দফা (১), (২) ও (৩) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফাসমূহে বর্ণিত হারে আয়কর তাহার নৌযান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে;

(৫) দফা (১), (২) ও (৩) এ উল্লিখিত করদাতার নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জে বিনিয়োগকৃত অর্থ এই শর্তে করমুক্ত থাকিবে যে তজ্জন্য, ক্ষেত্রমত, দফা দফা (১), (২) বা (৩) এ বর্ণিত হার অনুযায়ী নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা একশত পঁচিশ ভাগ আয়কর উক্ত নৌযান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করিতে হইবে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

(৬) দফা (১), (২), (৩) ও (৫) এর অধীন প্রদেয় আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয় সেই শাখায়, কোম্পানী করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; অথবা তফসিলভূক্ত যে কোন ব্যাংকের একাউন্ট পেয়ি ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে;

(৭) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌযান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

২। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

৩। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যানের (oil tanker) ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ১৫৯ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner
S.R.O. No. 223/1999 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com